কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনা ও ট্রেনে কাটা পড়ে দুইজনের মৃত্যু

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনা ও ট্রেনে কাটা পড়ে দুইজনের মৃত্যু হয়েছে। এতে আহত হয়েছে আরও দুজন। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৯টার দিকে সদর উপজেলা মোড়ে বাস ও অটোরিকশার সংঘর্ষে দবোরা খানম সারিকা নামে এক আইনজীবী নিহত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, উপজেলা মোড় এলাকায় একটি অটোরিকশা হঠাৎ মহাসড়কে উঠে গেলে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা শ্যামলী এন.আর পরিবহনের বাস সেটিকে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত হন আইনজীবী সারিকাসহ আরও দুইজন। স্থানীয়রা দ্রুত আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসকরা আইনজীবী দবোরা খানমকে মৃত ঘোষণা করে।

এদিকে, দুপুর ১২টার দিকে কুষ্টিয়ার পোড়াদহে ট্রেনে কাটা পড়ে মিজানুর রহমান নামে আরও এক ব্যক্তি নিহত হয়েছেন।

কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোশারফ হোসেন জানান, দুর্ঘটনায় নারী আইনজীবী নিহত হয়েছেন। আরও দুইজন আহত হয়ে জেনারেল হাসপাতালে ভর্তি আছেন। এছাড়াও ট্রেনে কাটা পড়ে একজনের মৃত্যু হয়েছে। দুজনের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

ভেড়ামারায় সড়ক দুর্ঘটনায় স্ত্রীর মৃত্যু, পা হারালেন

স্বামী

কুষ্টিয়ার ভেড়ামারায় ড্রাম ট্র্যাকের সাথে মোটর সাইকেলের মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় স্ত্রী’র মৃত্যু হয়েছে। সড়ক দুর্ঘটনায় পা হারালেন স্বামী রিমন হোসেন (২৪)।

নিহত তারিন হক রিতু (১৯) ভেড়ামারা উপজেলার বাহিরচর ইউনিয়নের ১৬দাগ মধ্য পাড়া এলাকার মৃত রাশেদুল হক রতনের মেয়ে।

ভেড়ামারা থানা ও এলাকাবাসী সুত্রে জানা গেছে, মঙ্গলবার সকাল ৮টার সময় মোটর সাইকেল যোগে কুষ্টিয়ার উদ্দেশে রওনা হয়। ভেড়ামারা- কুষ্টিয়া মাহাসড়কের ১২ মাইল নামকস্থানে ঘাতক ড্রাম ট্র্যাক মোটর সাইকেলকে চাপা দিলে ঘটনাস্থলে তারিন হক রিতু’র মৃত্যু হয়।

তারিন হক রিতু’র স্বামী এক পা হারান। আহত তারিন হক রিতু’র স্বামী কে রাজশাহী মেডিকেল হাসপাতালে প্রেরণ করেন।

এদিকে ঘটনার সত্যতা নিশ্চিত করে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রব তালুকদার বলেন, সড়ক দুর্ঘটনায় ভেড়ামারার ১২ মাইল নামকস্থানে ঘাতক ড্রাম ট্র্যাক মোটর সাইকেলকে চাপা দিলে ঘটনাস্থলে তারিন হক রিতু’র মুত্যু হয়। তারিন হক রিতু স্বামী এক পা হারান।

মুজিবনগরে চুরি হওয়া ট্রাক্টরের ব্যাটারি কুষ্টিয়ায় উদ্ধার, গ্রেফতার ১

মেহেরপুরের মুজিবনগরে পুরন্দরপুর গ্রামে মেসার্স ডালিম ব্রিক্স ইটভাটায় চুরি হওয়া ২টি ট্রাক্টরের ব্যাটারি কুষ্টিয়ায় অভিযান চালিয়ে উদ্ধার করেছে পুলিশ।

এ সময় মামলার এজাহারনামীয় এক আসামিকে গ্রেফতার করা হয়।

চুরির ঘটনাটি ঘটে ১৩ আগস্ট রাত ৮টা থেকে ১৪ আগস্ট ভোর ৫টার মধ্যে। এ সময় ইটভাটায় থাকা ২টি ট্রাক্টরের ব্যাটারি চুরি হয়।

এসআই স্বনজীব বিশ্বাসের দিকনির্দেশনা ও তথ্যপ্রযুক্তি ব্যবহার করে আজ মঙ্গলবার রাতে সংগীয় ফোর্সসহ কুষ্টিয়া জেলায় অভিযান চালিয়ে এজাহারনামীয় আসামি পুরন্দরপুর গ্রামের মো. কামাল হোসেনের ছেলে মো. লাল্টু মিয়া ওরফে লালকে (৩০) গ্রেফতার করা হয়।

অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি পেলেন কুষ্টিয়ার রেজাউল করিম

অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অতিরিক্ত আইজিপি, গ্রেড-২) পদে পদোন্নতি পেয়েছেন সিলেট মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো: রেজাউল করিম পিপিএম সেবা। তিনি কুষ্টিয়া জেলার মিরপুর থানার সন্তান।

সম্প্রতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং:০৫.০০.০০০০.১৩৩.১২.০০৪২.২৫-১৭১ মূলে অতিরিক্ত আইজিপি (গ্রেড
২) পদে পদোন্নতি লাভ করেন তিনি।

পদোন্নতি পাওয়ায় উচ্ছ্বাস আনন্দে ভাসছে তাঁর সহকর্মীসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ। ফুলেল ভালোবাসায় সিক্ত হচ্ছেন তিনি। তাকে ফুলেল শুভেচ্ছা জানান সিলেট রেঞ্জ ডিআইজির মোঃ মুশফেকুর রহমান। এছাড়া সিলেট মেট্রোপলিটন পুলিশ সদর দপ্তরে এসএমপি’র বিভিন্ন পদ মর্যাদার অফিসার ও ফোর্স এবং বিভিন্ন শ্রেণি-পেশার ব্যক্তিবর্গ পুলিশ কমিশনার কে জানাচ্ছেন ফুলেল শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন।

গত পাঁচ আগস্ট আওয়ামীলীগ সরকারের পতনের পর ডিআইজি হিসাবে পদোন্নতি পেয়ে রেজাউল করিম এসএমপি কমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ৫ সেপ্টেম্বর। পরিবর্তিত পরিস্থিতিতে সিলেট মহানগরে শান্তি-শৃঙ্খলা ফেরাতে বহুমুখী চেষ্টায় সফল হন তিনি।

পুলিশের প্রতি মানুষের আস্থা তৈরি, পুলিশি কার্যক্রম গতিশীল করা, হকার ও যানবাহনের অবৈধ স্ট্যান্ড উচ্ছেদ এবং অসময়ে মহানগরে ট্রাক চলাচল বন্ধ করে সড়কে শৃঙ্খলা ফেরানো, রেজিস্ট্রেশনবিহীন সিএনজিচালিত অটোরিকশা ও ব্যাটারিচালিত নিষিদ্ধ রিকশা চলাচল বন্ধ করা, চোরাচালানের মূল হোতাদের আইনের আওতায় নিয়ে আসা এবং মাদকদ্রব্য কেনা-বেচা-সেবন ও জুয়া-পতিতাবৃত্তি বন্ধে প্রশংসনীয় ভূমিকা পালন করে যাচ্ছেন তিনি।

তার জনবান্ধব তৎপরতায় সর্বমহলে ভরসার জায়গা করে নেন তিনি। সিলেট শাহজালাল (রহ.) মাজারের ওরস বিষয়ে ধর্মীয় নেতাদের মতামতকে গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে অনৈসলামিক ও অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে শান্তিপূর্ণ সমাধানে সফল হয়েছেন তিনি। সেকারনে কাংখিত পরিবেশে সম্পন্ন হয়েছে ওরস।

কুষ্টিয়া-মেহেরপুর সড়কে বালি বোঝাই ট্রাক খাদে

কুষ্টিয়া-মেহেরপুর হাইওয়ের মেহেরপুর পুলিশ লাইন ও পল্লী বিদ্যুৎ সংলগ্ন স্থানে একটি বালি বোঝাই ট্রাক সড়কচ্যুত হয়ে খাঁদে পড়ে গেছে। দুর্ঘটনাটি ঘটেছে আজ সোমবার ভোর আনুমানিক ৪টার সময়।

চালকের বরাতে জানা গেছে, কুষ্টিয়া থেকে মেহেরপুরগামী ট্রাকটি চলার পথে একটি চাকার পার্টস খুলে যায়। এর ফলে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে খাদে পড়ে যায়।

এই দুর্ঘটনায় কেউ আহত হননি। এছাড়াও ট্রাকের বড় কোনো ক্ষয়ক্ষতিও হয়নি বলে জানা গেছে। বর্তমানে ট্রাকটি উদ্ধারের কাজ চলমান রয়েছে।

স্থানীয় প্রশাসন দুর্ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

তথ্য আপা’র সেবা জানাতে উঠান বৈঠকে মিরপুরের ইউএনও

তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্প ‘তথ্য আপা’র সেবা জানাতে বাড়ি বাড়ি গিয়ে নারীদের সঙ্গে উঠান বৈঠক করছেন কুষ্টিয়ার মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নাজমুল ইসলাম।

শনিবার (২৬ এপ্রিল) দুপুরে মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নে এক উঠান বৈঠকে ৮০ জন প্রান্তিক নারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সমন্বয় করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ‘তথ্য আপা’ প্রকল্পের স্থানীয় কর্মকর্তা।

ইউএনও মো. নাজমুল ইসলাম বলেন, গ্রামের নারীরা এখন প্রায় সবাই স্মার্টফোন ব্যবহার করেন। দৈনন্দিন কাজের খুটিনাটি শিখতে এখন আর প্রশিক্ষকের কাছে যেতে হয় না। তাই ‘তথ্য আপা’ প্রকল্পে ডিজিটাল অ্যাপসের মাধ্যমে কিভাবে ঘরে বসে সেবা পেতে পারেন তার জন্য উঠান বৈঠকের উদ্যোগ নেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, উঠান বৈঠকগুলোতে একেকদিন একেকজন কর্মকর্তাকে ট্যাগ করে দেওয়া হয়েছে। শনিবার উপজেলা সমাজসেবা কর্মকর্তা জামসেদ আলী ও যুব উন্নয়ন কর্মকর্তা নুরুল ইসলাম নান্নু উপস্থিত ছিলেন। তারা ‘তথ্য আপা’র মাধ্যমে হাঁস-মুরগি ও গবাধি পশু কিভাবে পালন করলে দ্রুত লাভবান হওয়া যাবে তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

এছাড়া নারী অধিকার, বাল্যবিয়ে, কিশোরগ্যাং, পারিবারিক কলহসহ প্রয়োজনের মুহূর্তে কীভাবে জরুরি সেবা পেতে পারে তা নিয়ে আলোচনা করা হয়।

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে হাফিজুল সরদার (৩৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

শনিবার (২৬ এপ্রিল) দুপুরে উপজেলার ধুবইল ইউনিয়নের গেটপাড়া এলাকায় ১৮০/২ নম্বর রেলওয়ে পিলারের কাছে এ দুর্ঘটনা ঘটে।

নিহত হাফিজুল মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের আমিনুদ্দিন সরদারের ছেলে।

নিহতের পরিবার সূত্রে জানা যায়, সকালে পরিবারের সঙ্গে রাগারাগি করে বাড়ি থেকে বের হয়ে যান হাফিজুল। এরপর পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে ট্রেনে কাটা পড়ে এক ব্যক্তির মৃত্যুর সংবাদ পেয়ে স্বজনরা ঘটনাস্থলে গিয়ে তার মরদেহ শনাক্ত করেন।

স্বজনরা আরও জানান, হাফিজুল স্থানীয় পোড়াদহ বাজারে জুতা- স্যান্ডেলের ব্যবসা করতেন। এর আগে তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করতেন।

পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহিরুল ইসলাম জানান, দুপুরে খুলনা থেকে ঢাকাগামী আন্তঃনগর চিত্রা এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে ঘটনাস্থলেই এক যুবকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

কুষ্টিয়ার মিরপুরে স্টেশন মাস্টার পদায়নের দাবিতে

অবস্থান কর্মসূচি

কুষ্টিয়ার মিরপুর রেলওয়ে স্টেশনে স্টেশন মাস্টারের পদ প্রায় এক মাসেরও বেশি সময় ধরে শূন্য রয়েছে। স্টেশন মাস্টার না থাকায় নানা জটিলতার মধ্য দিয়ে চলেছে স্টেশনের কার্যক্রম।

এ প্রেক্ষিতে স্টেশন মাস্টার পদায়নসহ স্টেশনের বিভিন্ন উন্নয়ন দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছেন স্থানীয় জনসাধারণ।

মঙ্গলবার (২২ এপ্রিল) দুপুরে মিরপুর রেলওয়ে স্টেশন প্ল্যাটফর্মে উপজেলার সর্বস্তরের মানুষের ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। পরে একটি স্মারকলিপি উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) নিকট হস্তান্তর করা হয়।

অবস্থান কর্মসূচিতে বক্তব্য রাখেন— মিরপুর উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা নজরুল করিম, মিরপুর মাহমুদা চৌধুরী কলেজের অধ্যাপক শাহ আক্তার মামুন, পৌর বিএনপি নেতা আব্দুর রশিদ, মিরপুর উপজেলা নাগরিক কমিটির মুখপাত্র ও সিনিয়র সাংবাদিক হুমায়ুন কবির হিমু, কুষ্টিয়া জেলা জামায়াতে ইসলামী নায়েবে আমির মো. আব্দুল গফুর ও ইউনিট সদস্য অধ্যাপক জুমারত আলী, বিএনপি নেতা ইব্রাহিম আলীসহ অনেকে।

বক্তারা বলেন, ‘আগামী ১৫ দিনের মধ্যে স্টেশন মাস্টার পদায়নসহ স্টেশনের অন্যান্য দাবি পূরণ করতে হবে, অন্যথায় আরও বৃহত্তর কর্মসূচি পালন করা হবে।’ বক্তারা অবিলম্বে মিরপুর স্টেশনে স্টেশন মাস্টার নিয়োগ এবং স্টেশনের আধুনিকায়নের জোর দাবি জানান।

উল্লেখ্য, প্রায় এক মাসের অধিক সময় ধরে মিরপুর রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টারের পদটি শূন্য রয়েছে। তবুও স্টেশনের কার্যক্রম কোনোভাবে পরিচালিত হচ্ছে।

কুষ্টিয়ায় নিখোঁজ তিন নারী ও শিশু ঢাকার বাড্ডা থেকে উদ্ধার

কুষ্টিয়ার মিরপুর থেকে তিন নারী ও এক শিশু নিখোঁজের একদিন পর তাদেরকে রাজধানীর বাড্ডা থেকে উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার রাজধানীর বাড্ডা এলাকায় একটি বাসায় অভিযান চালিয়ে তাদেরকে উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত ব্যক্তিরা হলেন উপজেলার তালবাড়িয়া পশ্চিম রানাখড়িয়া এলাকার আবুদর রাজ্জাকের মেয়ে আফরোজা খাতুন (১৬), মো. রানার মেয়ে অথৈই খাতুন (১৭), মো. আরিফুল ইসলামের মেয়ে আনিকা খাতুন
(২১) ও তার নাতি ছেলে মো. আনাছ (১৯ মাস)।

মিরপুর থানা সূত্রে জানা যায়, মিরপুর থানার পুলিশ পরিদর্শক তদন্ত আব্দুল আজিজ ও এসআই শরিফুল ইসলাম সঙ্গীয় ফোর্স তথ্য প্রযুক্তি সহায়তায় রাজধানীর বাড্ডা এলাকার একটি বাসা থেকে তাদের উদ্ধার করে। এসময় তাদের জিজ্ঞাসাবাদে জানা যায়, তারা পরিবারের অবহেলার স্বীকার এবং নিজেরা আয়-রোজগার করে স্বাবলম্বী হওয়ার আশায় পরিবারের সদস্যদের সেভেন-আপ এর মধ্যে ঘুমের ওষুধ খাইয়ে বাড়ি থেকে পালিয়েছিলেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম বলেন, সোমবার অভিযোগ পাওয়ার সাথে সাথে আমরা কাজ শুরু করি। অতঃপর মিরপুর থানার চৌকস একটি অভিযানিক দল রাজধানীর মধ্য বাড্ডা থেকে তাদের উদ্ধার করে। আইনগত প্রক্রিয়া শেষে তাদের পরিবারের নিকট হস্তান্তর করা হবে।

উল্লেখ্য, রবিবার (২০ এপ্রিল) দিবাগত রাতে সেভেন-আপের মধ্যে চেতনানাশক খাইয়ে একই পরিবারের তিন নারীসহ শিশু নিখোঁজের ঘটনা ঘটেছিল।

কুষ্টিয়ায় বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালিত

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান বলেছেন, “অটিজমে আক্রান্ত প্রতিটি শিশুই বিশেষ প্রতিভাসম্পন্ন। তাদের প্রত্যেকের মধ্যেই কোনো না কোনো বিষয়ে দক্ষতা থাকে। এমন অনেক শিশু আছে, যারা অটিজমে আক্রান্ত হলেও মাত্রা কম; তারা স্বাভাবিক শিশুদের মতোই লেখাপড়া করতে পারে। আবার অনেকের গাণিতিক দক্ষতা স্বাভাবিক শিশুদের তুলনায় বেশি হয়ে থাকে। তাই কোনোভাবেই তাদের পিছিয়ে পড়া শিশু ভাবা যাবে না। বরং তাদের দক্ষতা উন্নয়নে আমাদের সবাইকে পাশে থাকতে হবে।”

তিনি আরও বলেন, “বিশেষায়িত প্রতিষ্ঠানগুলো এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এসব প্রতিষ্ঠান তাদের অভিনব পাঠদান পদ্ধতি, বিশেষ থেরাপি এবং প্রতিটি শিশুর পৃথক দক্ষতা শনাক্ত করে তাকে সে বিষয়ে পারদর্শী করে গড়ে তোলে।”

মঙ্গলবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে ১৮তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জেলা প্রশাসক আরও বলেন, “প্রতিটি শিশুই সৃষ্টিকর্তার উপহার। কোনো শিশুই সমাজের বোঝা নয়। অটিজম নিয়ে সমাজের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটাতে হবে। বাংলাদেশ ইতোমধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অবস্থার উন্নয়নে অনেক দূর এগিয়েছে। কুসংস্কার দূর করতে সমাজে ব্যাপকভাবে সচেতনতা তৈরি করতে হবে।”

তিনি বলেন, “অনেকেই লোকলজ্জার ভয়ে অটিজমে আক্রান্ত সন্তানকে সমাজ থেকে আড়ালে রাখেন, যা সন্তানের সমস্যাকে আরও জটিল করে তোলে। অথচ সময়মতো সঠিকভাবে অটিজম শনাক্ত করে ব্যবস্থা নিলে তাদের জীবনেও অনেকটাই স্বাভাবিকতা ফিরিয়ে আনা সম্ভব।”

অনুষ্ঠানে জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক মো. আব্দুল লতিফ শেখের সভাপতিত্বে এবং সহকারী পরিচালক মো. মুরাদ হোসেনের সঞ্চালনায় আরও বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জাহাঙ্গীর আলম, প্রতিবন্ধী সেবা ও সাহায্য সংস্থার চিকিৎসক ডা. কমলেশ, এম মাহমুদ হোসেন সাচ্চু প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান

শিক্ষক লিখন আহমেদ, এনডিডি স্কুলের অধ্যক্ষ আফসানা বেগম, অভিভাবক সাফিনা ইয়াসমিন ও বদরুন্নাহার বেগম প্রমুখ।

এর আগে “স্নায়ুবৈচিত্র্যকে বরণ করি, টেকসই সমাজ গড়ি” এই স্লোগানকে সামনে রেখে ১৮তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্রা জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ প্রদক্ষিণ করে।

জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক মো. আব্দুল লতিফ শেখ জানান, কুষ্টিয়া জেলায় বর্তমানে ৬৭ হাজার ৯০০ প্রতিবন্ধী ব্যক্তি রয়েছে। এর মধ্যে ৫৬ হাজার ৫৬০ জন সরকার নির্ধারিত ভাতা পাচ্ছেন। জেলার ২টি সরকারি ও ১৫টি বেসরকারি এনডিডি (অটিজম ও প্রতিবন্ধী) স্কুল রয়েছে।